

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.mohfw.gov.bd

বিষয়ঃ নবসৃষ্ট চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে সুষ্ঠু সমন্বয় সৃষ্টির লক্ষ্যে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ নাসিম, এম.পি
মাননীয় মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ১১/০৯/২০১৭ খ্রিস্টাব্দ
সময় : বেলা ০২:০০ টা
স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
(কক্ষ নং-৩৩২, ভবন নং-০৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে সন্নিবেশিত রয়েছে।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, নবসৃষ্ট চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমে ধারাবাহিকতা ও গতিশীলতা সৃষ্টিসহ সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে আজকের এ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সভাপতি এ সভায় উপস্থিত মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়কে তাঁর ব্যক্তিগত উপস্থিতির জন্য আন্তরিক ধন্যবাদ জানান। সভাপতি বলেন, ২০১৬ সনের ১৭ নম্বর আইন অনুযায়ী চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং ২০১৬ সনের ১৮ নম্বর আইন অনুযায়ী রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে। পর্যায়ক্রমে সকল বিভাগে একটি করে মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়ে সরকারের নীতিগত সিদ্ধান্ত রয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। বর্তমানে সিলেট বিশ্ববিদ্যালয় আইন প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। নবসৃষ্ট রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনার সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য সভাপতি উপস্থিত সদস্যদের প্রতি আহ্বান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুপুঙ্খ বর্ণনা করে বিশ্ববিদ্যালয় দুটির বর্তমান অবস্থা উল্লেখপূর্বক একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন। তিনি জানান যে, ইতোমধ্যে ১০/০৪/২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রস্তাবমতে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ১২ ধারার ক্ষমতাবলে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিক্রমে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ও মহামান্য রাষ্ট্রপতি চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর ভাইস চ্যান্সেলর পদে প্রফেসর ডাঃ মোঃ ইসমাইল খান-কে নিয়োগ প্রদান করেছেন। একইভাবে ১০/০৪/২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রস্তাবমতে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ১২ ধারার ক্ষমতাবলে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিক্রমে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ও মহামান্য রাষ্ট্রপতি রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর ভাইস চ্যান্সেলর পদে প্রফেসর ডাঃ মাসুম হাবিব-কে নিয়োগ প্রদান করেছেন। গত ০৮/০৬/২০১৭ তারিখে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবনে এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য

জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ভবন, ঢাকায় অস্থায়ী লিয়াজৌ অফিস প্রতিষ্ঠা করা হয়েছে। গত ০২/০৭/২০১৭ তারিখে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অফিস এবং আনুষংগিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে চট্টগ্রামে অবস্থিত বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস (বিআইটিআইডি) এর অব্যবহৃত ভবনসমূহে অস্থায়ীভাবে স্থানীয় অফিস স্থাপনের ব্যবস্থা করা হয়েছে। গত ০২/০৭/২০১৭ তারিখে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অফিস এবং আনুষংগিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে রাজশাহীতে অবস্থিত ডিভিশনাল কন্সল্টাং এডুকেশন সেন্টার (ডিসিআইসি) এর অব্যবহৃত ভবনসমূহে অস্থায়ীভাবে স্থানীয় অফিস স্থাপনের ব্যবস্থা করা হয়েছে। মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে উক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ঢাকায় অস্থায়ী লিয়াজৌ অফিস এবং চট্টগ্রাম ও রাজশাহীতে অস্থায়ী স্থানীয় অফিসসমূহে পর্যাপ্ত সংস্কার করে ব্যবহার উপযোগী করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে উভয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের জন্য ড্রাইভার ও ফুয়েলসহ দু'টো জিপ গাড়ি সরবরাহ করা হয়েছে।

২ক. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন জরুরী প্রয়োজনে উভয় বিশ্ববিদ্যালয়ের জন্য ৫১ (একান্ন) টি করে পদ রাজস্বখাতে অন্তর্ভুক্তি সাপেক্ষে অনুমোদন দিয়েছে। সে অনুযায়ী ৫১টি পদের বাজেট বরাদ্দের জন্য পত্র দেয়া হলে শিক্ষা মন্ত্রণালয় ১৬/৭/২০১৭ তারিখের পত্রের মাধ্যমে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর যাবতীয় কার্যাবলী **Allocation of Business** অনুযায়ী স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মর্মে উল্লেখ করে বাজেট বরাদ্দের প্রস্তাব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অনুরোধ জানায়।

২খ. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ২৬/৭/২০১৭ তারিখের পত্রে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকালে বাজেট বরাদ্দের ক্ষেত্রে অনুরূপ অবস্থার সৃষ্টি হয়েছিল মর্মে উল্লেখ করে জানায়, উদ্ভূত পরিস্থিতিতে গত ১৭/৪/২০০০ তারিখে তৎকালীন মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের আর্থিক ও বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনার পর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের জন্য অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে অর্থ বরাদ্দ ও বিশ্ববিদ্যালয়ের হাসপাতালের জন্য সরকারী অনুদান স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২গ. রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জনবল ও উপকরণের জন্য অদ্যাবধি কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি মর্মে উল্লেখ করে ভাইস-চ্যান্সেলর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বলেন, এ জটিলতা নিরসনের ক্ষেত্রে ১৭/৪/২০০০ তারিখে তৎকালীন অর্থ মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার নির্দেশনা সহায়ক হতে পারে।

৩। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) সভাকে জানান যে, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম হ্রাসিত করার লক্ষ্যে স্বতন্ত্র দু'টি আর্থিক কোড সৃষ্টির জন্য ইতোমধ্যে অর্থ বিভাগে পত্র দেয়া হয়েছে। তিনি আরো জানান, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ৫১ ধারা এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ৫১ ধারা অনুযায়ী আইনসমূহ কার্যকরী হওয়ার সাথে সাথে সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ, ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হবে মর্মে আইনসমূহে উল্লেখ রয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে সুষ্ঠু সমন্বয় অত্যন্ত জরুরী। মেডিকেল বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা ও গবেষণা সংক্রান্ত কার্যক্রম অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা সংক্রান্ত কার্যক্রম থেকে সম্পূর্ণ স্বতন্ত্র মর্মে উল্লেখ করে তিনি বলেন, মেডিকেল

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার বিষয় ব্যতিক্রমী ও বিশেষায়িত হওয়ার কারণে এ বিষয়গুলো স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন থাকাই অধিকতর যুক্তিযুক্ত।

০৪। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান সভাকে জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় যে নিয়মে পরিচালিত হয়, একই নিয়মে এই বিশ্ববিদ্যালয় দু'টিও পরিচালিত হতে পারে। এতে মেডিকেল বিশ্ববিদ্যালয় শিক্ষা ও স্বাস্থ্য উভয় মন্ত্রণালয় থেকে সুস্পষ্ট ক্ষেত্রে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ পেতে পারবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যানের বক্তব্যকে সমর্থন করে জানান, এ ব্যবস্থায় তাদের বিশ্ববিদ্যালয় পরিচালনায় কোন সমস্যা হচ্ছে না।

০৫। মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় বলেন, মেডিকেল বিশ্ববিদ্যালয় একটি বিশেষায়িত বিশ্ববিদ্যালয়। আইনগত সকল প্রক্রিয়া অনুসরণ করে মেডিকেল বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় সকল ধরনের সহায়তা প্রদান করতে প্রস্তুত আছে। আর্থিক ব্যবস্থাপনার বিষয়ে বরং অর্থ মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করা যায়। অর্থ বরাদ্দের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় যে প্রক্রিয়ায় করতে স্বাচ্ছন্দ্য বোধ করে সেটাই হতে পারে উত্তম কৌশল। এক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় যে প্রক্রিয়ায় চলছে সে প্রক্রিয়া এক্ষেত্রেও প্রযোজ্য হতে পারে।


০৬। সভাপতি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় যে প্রক্রিয়ায় চলছে নতুনভাবে প্রতিষ্ঠিত মেডিকেল বিশ্ববিদ্যালয়গুলো একই ভাবে চালানোই ভালো হবে। তবে অর্থ প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে তিনি মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়সহ মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে এ বিষয়ে আলোচনা করবেন মর্মে জানান।

০৭। সিদ্ধান্ত:-

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

- ক) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় যেভাবে পরিচালিত হচ্ছে, নবসৃষ্ট দুইটি মেডিকেল বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে একই পদ্ধতি অনুসৃত হবে।
- খ) চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর আর্থিক বরাদ্দ প্রাপ্তির বিষয়ে মাননীয় অর্থ মন্ত্রীর সঙ্গে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়সহ আলোচনা করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



স্মারক নং: স্বাপকম/চিশি-০১/চট্ট: ও রাজ: মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন-২০১৬ বাস্তবায়ন- ৫৯৩ তারিখ: ২২/১০/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৩। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ০৪। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
- ০৫। ভাইস চ্যান্সেলর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ০৬। ভাইস চ্যান্সেলর, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ০৭। জনাব হারুন-উর-রশীদ খান, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


২২/১০/২০১৭
শ্রী মোঃ নূরুল আমিন
উপসচিব

ফোন: ৯৫৪০৭৩০

E-mail: sasme1@mohfw.gov.bd